

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

হাইড্রোকার্বন ইউনিট

১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

ফোনঃ ৮৩৯১০৭৫, ৮৩৯১০৮৫, ফ্যাক্সঃ ৮৩৯১১১৩ ই-মেইলঃ hcu@hcu.org.bd, ওয়েবঃ www.hcu.org.bd

বিষয়ঃ	: হাইড্রোকার্বন ইউনিট এর অক্টোবর/২০১৯ মাসের সমন্বয় সভার কার্যববরণী।
সভাপতি	: এ এস এম মঞ্জুরুল কাদের মহাপরিচালক (যুগ্ম সচিব)
তারিখ	: ২১-১০-২০১৯
সময়	: বিকাল ৩: ০০ ঘটিকা
স্থান	: মিনি কনফারেন্স রুম, হাইড্রোকার্বন ইউনিট
উপস্থিত সদস্য	: ক) জনাব মেহেদী হাসান উপ- পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) খ) জনাব শিহাব মাহমুদ, সহকারি পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন) গ) জনাব দেবব্রত দাস, সহকারি পরিচালক (প্রশাসন ও হিসাব)

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মেহেদী হাসান উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) সভার কার্যপত্র উপস্থাপন করেন।

২। গত ২৩-০৯-২০১৯ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভা গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও অন্যান্য প্রয়োজনীয় বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র নং	আলোচনা	সিদ্ধান্ত
০১	সচিবালয় নির্দেশমালা : জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সেপ্টেম্বর/২০১৯ মাসের সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী সংশ্লিষ্ট সকল প্রেরিত পত্র সচিবালয় নির্দেশমালা অনুযায়ী নিষ্পত্তি করার ব্যাপারে আলোচনা হয়।	সকল পত্র সচিবালয় নির্দেশমালা অনুযায়ী নিষ্পত্তি করার ব্যাপারে সিদ্ধান্ত হয়।
০২	ইআরপি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সেপ্টেম্বর/২০১৯ মাসের সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/ সংস্থাসমূহের মধ্যে তথ্য প্রযুক্তির ব্যবহারে অধিকতর সমন্বয়, সেবা প্রত্যাশীদের দ্রুত সেবা প্রদান , বিদ্যমান সম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনা , মানব সম্পদ উন্নততর পদ্ধতিতে পরিচালনা ,সমন্বিত প্রতিবেদন প্রনয়ন,	ইআরপি বাস্তবায়নের নিমিত্তে ইআরপি সংক্রান্ত কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।

	বিদ্যুৎ ও জ্বালানি দুই বিভাগের মধ্যে নিবিড় সমন্বয়,মূল্যবান সম্পদের মনিটরিং ও নিরাপত্তা এবং সাইবার সিকিউরিটি ইত্যাদি বিষয় সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সমন্বিত ইআরপি ও ড্যাশবোর্ড চালু করার ব্যাপারে আলোচনা হয়।	
০৩	শুদ্ধাচার কর্মপরিকল্পনা: শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে পর্যালোচনা করা হয়। উত্তম চর্চার তালিকা প্রনয়ন করার ব্যাপারে আলোচনা হয়।	শুদ্ধাচার কর্মপরিকল্পনার অংশ হিসেবে উত্তম চর্চার তালিকা প্রনয়ন করার সিদ্ধান্ত হয়।
০৪	ইনোভেশন: জনগণের দোর গোড়ায় সরকারি সেবা নিশ্চিত করা, সেবার মান বৃদ্ধি এবং সেবাকে অধিকতর জনবান্ধব করার জন্য সরকার দৃঢ় প্রতিজ্ঞ। জনপ্রশাসনে কাজের গতিশীলতা এবং উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা দ্রুত ও সহজিকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে সরকার ইনোভেশন টিম গঠনের সিদ্ধান্ত গ্রহণ করে। হাইড্রোকার্বন ইউনিটে ইনোভেশন পরিকল্পনা বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।	ইনোভেশন পরিকল্পনা বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করা হয়েছে।
০৫	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি(APA): প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি(APA) সম্পাদন করা হয়েছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করা হয়েছে।	এপিএ সংক্রান্ত কার্যক্রম সফলভাবে বাস্তবায়ন করে নাগরিক কিভাবে বাড়ানো যায় সে ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।
০৬	বিদ্যুৎ সাশ্রয়: অফিসের এসি, বৈদ্যুতিক ফ্যান, লাইট, বিদ্যুৎ, পানি ও জ্বালানি ইত্যাদির ব্যবহারে মিতব্যয়ী হওয়ার ব্যাপারে আলোচনা হয়। এছাড়াও অফিসের সম্পদ যেমনঃ গাড়ী, কম্পিউটার, ফ্যাক্স মেশিন, সার্ভার, ল্যাপটপ ইত্যাদি যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।	বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।
০৭	আদালতে বিচারাধীন মামলা : জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সেপ্টেম্বর/২০১৯ মাসের সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী হাইড্রোকার্বন ইউনিটে কোন মামলায় কোন আইনজীবী নিয়োগ করা হয়েছে,কতদিন ধরে পেন্ডিং আছে,পরবর্তী শুনানি কখন হতে পারে,সংশ্লিষ্ট কর্মকর্তা সঠিকভাবে দায়িত্ব পালন করছেন কিনা এসব বিষয় অবহিত করার জন্য সিদ্ধান্ত হয়।	আদালতে বিচারাধীন মামলা নিষ্পত্তি করার ব্যাপারে পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৮	<p>অডিট আপত্তি : জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সেপ্টেম্বর/২০১৯ মাসের সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট অডিট অফিসের সাথে যোগাযোগ করে জনবল ও লজিস্টিক সাপোর্টের মাধ্যমে অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির কার্যক্রম গ্রহণের ব্যাপারে আলোচনা হয়।</p>	<p>অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তি করার ব্যাপারে পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>
০৯	<p>ই- নথি: ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের নিমিত্তে ই- নথি কার্যক্রমের সূচনা হয়। হাইড্রোকার্বন ইউনিটের ই-নথি ভিত্তিক কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়। ই- নথির ব্যবহার আরো বৃদ্ধি করে মন্ত্রণালয় ভিত্তিক জরিপে হাইড্রোকার্বন ইউনিটের অবস্থান কিভাবে প্রথম দিকে নেয়া যায় ব্যাপারে আলোচনা হয়।</p>	<p>মন্ত্রণালয় ভিত্তিক জরিপে হাইড্রোকার্বন ইউনিটের অবস্থান প্রথম দিকে নেয়ার জন্য ই- নথির ব্যবহার আরো বৃদ্ধি করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।</p>

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত

২১/১০/২০১৯

এ এস এম মঞ্জুরুল কাদের
মহাপরিচালক (যুগ্ম সচিব),
হাইড্রোকার্বন ইউনিট,
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ